গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট।

স্মারক নং- ০৫.৪৩.৩৮৬১.০০০.০৫.০০৪.১৪- ৯৫৯ তারিখঃ ০৬/০৩/২০১৫খ্রিঃ

খাস পুকুর ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ক্ষেতলাল উপজেলাধীন তফশিল বর্ণিত খাস পুকুরসমূহ (তফশিল উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে) বাংলা ১৪২২-১৪২৪ সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিকট থেকে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সিডিউল ও শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিস হতে সংগ্রহ করা যাবে।

নোটিশ বোর্ডে উল্লেখিত সময়, তারিখ ও স্থানে দরপত্র দাখিল করতে হবে এবং খোলা হবে।

(এ.টি.এম. আব্দুল্লাহেল বাকী)
উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল, জয়পুরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ক্ষেতলাল, জয়পুরহাট।

স্মারক নং- ৩১.৪৩.৩৮৬১.০০০.০৫.০০৪.১৪- ৯৫৯ (৮০) তারিখঃ ০৬/০৩/২০১৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ-

০১। জেলা প্রশাসক, জয়পুরহাট।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জয়পুরহাট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।
০৪। উপজেলা .... কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট।
০৫। অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা।
০৬। চেয়ারম্যান .... ইউ.পি, ক্ষেতলাল, জয়পুরহাট। তাকে বিজ্ঞপ্তিটি স্থানীয় হাটবাজার সমূহতে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ক্ষেতলাল/বড়াতারা/মামুদপুর/বড়াইল/আলমপুর ইউনিয়ন ভূমি অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট। তাকে বিজ্ঞপ্তিটি স্থানীয় হাটবাজার সমূহতে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচার করার জন্য বলা হলো।
০৮। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক করতোয়া, চকজাদু রোড, বাদুড়তলা, বগুড়া। তাকে বিজ্ঞপ্তিটি পত্রিকার ভিতরের পাতায় ০২ (দুই) কলাম ২ ইঞ্চি এর মধ্যে ১ (এক) দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
০৯। উপজেলা টেকনিশিয়ান, ইনফো-সরকার প্রকল্প। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলার তথ্য বাতায়নের নোটিশবোর্ডে প্রকাশের জন্য বলা হলো।
১০। জনাব ....
১১। অফিস কপি।

সহকারী কমিশনার (ভূমি) (অঃদাঃ)
ক্ষেতলাল, জয়পুরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট।

স্মারক নং- ০৫.৪৩.৩৮৬১.০০০.০৫.০০৪.১৪- ৯৬২ (১৮০) তারিখঃ ০৬/০৩/২০১৫খ্রিঃ

খাস পুকুর ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ২৩ জুন ২০০৯ খ্রিঃ তারিখের ও সায়রাদ-১ শাখা হতে ১৪/০৩/২০১২ খ্রিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে ক্ষেতলাল উপজেলাধীন তফশিলবর্ণিত খাস পুকুরসমূহ (তফশিল উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে) বাংলা ১৪২২-১৪২৪ সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিকট থেকে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সিডিউল ও শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিস হতে সংগ্রহ করা যাবে।

নিম্নলিখিত তারিখ, সময় ও স্থানে রক্ষিত বাক্সে দরপত্র দাখিল করতে হবে এবং খোলা হবে।

ক্রমিক নং	দরপত্র সিডিউল ক্রয়ের তারিখ, সময় ও স্থান	দরপত্র সিডিউল দাখিলের তারিখ, সময় ও স্থান	দাখিলকৃত দরপত্রের বাক্স খোলার তারিখ, সময় ও স্থান
০১	০৯ /০৩/১৫ খ্রিঃ হতে ১৬/০৩/১৫ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট।	১৮/০৩/১৫ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট ও অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা।	১৮/০৩/১৫ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট ।
০২	২৩ /০৩/১৫ খ্রিঃ হতে ৩০ /০৩/১৫ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট।	৩১ /০৩/১৫ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট ও অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা।	৩১ /০৩/১৫ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট ।

আগ্রহী নিবন্ধনকৃত সমিতি/সংগঠন নির্ধারিত সময়সূচী মোতাবেক প্রতি কার্যদিবসে উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিয়ে নিম্নস্বাক্ষরকারী/সহকারী কমিশনার (ভূমি), ক্ষেতলাল, জয়পুরহাট এর অফিস হতে দরপত্র ক্রয়পূর্বক নির্দিষ্ট বাক্সে দাখিল করতে হবে। দরপত্র এর সাথে প্রমাণস্বরূপ সংগঠন/সমিতির নির্বাচিত কমিটির কপি, গঠনতন্ত্রের অনুলিপি, ব্যাংক লেনদেনের প্রত্যয়ন, সংগঠনের সভাপতি ও সম্পাদকের সত্যায়িত ছবি, জামানত হিসাবে প্রদত্ত মূল্যের ২০% অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও অন্যান্য তথ্যাবলী সংযোজন করতে হবে। ইজারা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী সমিতি/সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ

১। সর্বোচ্চ ডাককারীর অনুকূলে পুকুর ইজারা প্রদান করা হবে।
২। সরকারি/বিগত বছরের চেয়ে ডাক মূল্য বেশী হতে হবে।
৩। অনিবন্ধিত সমিতি/সংগঠন বা কোন ব্যক্তি পুকুর ইজারার জন্য আবেদন করতে পারবেন না।
৪। প্রত্যেক সমিতি ০২ (দুই)টির বেশী আবেদন করতে পারবে না।
৫। কোন সমিতিতে একই পরিবারের একাধিক সদস্য থাকলে ঐ সমিতি বৈধ বলে বিবেচিত হবে না।
৬। পরবর্তীতে সরকার কর্তৃক লীজমানির হার পরিবর্তন করা হলে পরিবর্তিত হারে তাৎক্ষনিকভাবে পরিশোধ করতে হবে।
৭। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৮। ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ১৪/০৩/১২ খি. জারীকৃত প্রজ্ঞাপনের শর্তাবলী অবশ্যই পালনীয়।
৯। বিজ্ঞপ্তি সংশোধন ও পরিমার্জনের জন্য কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।
১০। কর্তৃপক্ষ যে কোন কারণে দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(এ.টি.এম. আব্দুল্লাহেল বাকী)
উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল, জয়পুরহাট।
☏: ০৫৭২৩-৫৬০০৮